দৈনিক বাংলা

58

তারিখ 26 APR 1996
পৃষ্ঠা ৭ কলাম ২

ইসলামী বিশ্ববিদ্যালয়

# পরীক্ষার ফল প্রকাশের দাবীতে ধর্মঘট

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :** আল-কোরআন বিভাগের মাষ্টার্স ফাইনাল পরীক্ষা '৯২-এর রেজল্টের দাবীতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের আল-কোরআন বিভাগের মাষ্টার্সের ছাত্র-ছাত্রীরা কর্তৃপক্ষের বিরুদ্ধে গত বুধবার এক ব্যতিক্রম ধরনের অবস্থান ধর্মঘট পালন করে। তারা সকাল ৭টা থেকে বিকাল ৪টা পর্যন্ত সকল পানাহার ত্যাগ করে বিভিন্ন ধরনের পোষ্টার বুকে নিয়ে ভিসি অফিসের সামনে অবস্থান করে। এই সময় ভিসি অফিসে সিন্ডিকেটের মিটিং চলছিল।

অবস্থান ধর্মঘট চলাকালীন সময়ে শহিদুল বারী নামে একজন ছাত্র অসুস্থ অবস্থায় কুষ্টিয়া জেনারেল হাসপাতাল থেকে এ্যাম্বুলেন্সে করে ক্যাম্পাসে এসে উক্ত ধর্মঘটের সঙ্গে যোগ দেয়। তখন ছাত্রটির বুকে "আমি রেজাল্ট চাই, চাকরি চাই, চিকিৎসা চাই, বাচতে চাই" সংবলিত একটি বড় পোষ্টার লাগানো ছিল। কিছুক্ষণ পর ছাত্রটি খুব অসুস্থ হয়ে পড়লে অন্য ছাত্ররা সেই দৃশ্য দেখে কান্নায় ভেঙ্গে পড়ে। ফলে এক হৃদয়-বিদারক দৃশ্যের অবতারণা হয়। এরপর আল-কোরআন বিভাগের শিক্ষকেরা খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে এসে শোকাহত ছাত্র-ছাত্রীদেরকে সান্ত্বনা দেয় এবং অসুস্থ শহিদুর বারীকে পুনরায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করে।

সিন্ডিকেট মিটিং শেষ হলে কর্তৃপক্ষ জানায়, খুব শীঘ্রই আল-কোরআন বিভাগের মাষ্টার্স ফাইনাল পরীক্ষার রেজাল্ট প্রকাশ করা হবে।

জানা গেছে, আল-কোরআন বিভাগের মাষ্টার্স ফাইনাল পরীক্ষা গত ২৫ সেপ্টেম্বর শেষ হওয়ার পর সাত মাস অতিবাহিত হলেও আজ অবধি রেজাল্ট বের হয়নি। ছাত্র-ছাত্রীরা দীর্ঘদিন ধরে রেজাল্টের জন্য আন্দোলন করছে। কিন্তু কর্তৃপক্ষ কোন কার্যকরী পদক্ষেপ নিচ্ছেন না।

OF — SHEETS